গাংনীর আওয়ামীলীগ, ঐক্যবদ্ধ আওয়ামীলীগ- জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি

গাংনীর আওয়ামীলীগ ঐক্যবদ্ধ আওয়ামী লীগ। তার প্রমাণ িেমিলছে গাংনী পৌর নির্বাচনে নৌকা মনোনীত প্রার্থী আহাম্মেদ আলীকে নির্বাচিত করার মধ্য দিয়ে তার প্রমাণ দিয়েছে গাংনীর নৌকা প্রেমী জনগণ।

জনগণের আশা আকাংখাকে মুল্যদিয়ে গাংনীর উন্নয়নকে আরো গতিশীল রাখতে প্রয়োজনীয় সর্বাত্নক সহযোগীতা থাকবে সরকারের পক্ষ থেকে।

আয়োজিত বিশাল জনসভায় প্রতিমন্ত্রী আরো বলেন, বর্তমান সরকারের আমলেই দেশের সকল উন্নয়ন সাধিত হয়েছে। এ উন্নয়ন আওয়ামী লীগ সরকারের উন্নয়ন। বঙ্গবন্ধুর হাতে গড়া বাংলাদেশ আওয়ামী লীগ সরকার যখনই ক্ষমতায় আসে তখনই দেশের উন্নয়ন হয়।

আর সে উন্নয়নকে বাধাগ্রস্থ করতে স্বাধীনতা বিরোধী শক্তি বিএনপি জামাত বিদেশী মিডিয়া ভাড়া করে অপপ্রচারে লিপ্ত হয়েছেন। তবে এ ষড়যন্ত্র মোকাবেলা করতে সরকার সচেষ্ট রয়েছেন। এসমস্ত অপপ্রচার ও গুজব জনগণ কেয়ার করেনা। জনগনই তাদের প্রত্যাখ্যান করেছেন।

তিনি আরো বলেন, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহামানের নামে বাংলাদেশে একটি জেলা আছে, সেটি মেহেরপুরের মুজিবনগর। বঙ্গবন্ধুর কন্যা দেশনেত্রী শেখ হাসিনা তার মুল্য দিয়ে জনপ্রশাসন মন্ত্রনালয়ের মত গুরুত্বপুর্ণ একটি মন্ত্রনালয়ের দায়িত্ব দিয়েছেন মেহেরপুরের সন্তানকে। মেহেরপুরবাসীর ভালবাসা তারই প্রমাণ মিলেছে।

গাংনী উপজেলা ও পৌরসভার উন্নয়নের লক্ষ্যে অনুষ্ঠিত জনসভায় মেহেরপুর জেলা আওয়ামীলীগের উদ্যোগে সোমবার বিকালে গাংনী পাইলট স্কুল এন্ড কলেজ চত্বরে জেলা আওয়ামীলীগের সিনিয়র সহ-সভাপতি আব্দুল হালিম বিশ্বাস এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে জনপ্রশাসন মন্ত্রনালয়ের প্রতিমন্ত্রী অধ্যাপক ফরহাদ হোসেন দোদুল এসব কথা বলেন।

অনুষ্ঠানে প্রধান বক্তা হিসেবে ছিলেন জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এম এ খালেক, বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন সাবেক সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা মকবুল হোসেন ও গাংনী পৌরসভার নবনির্বাচিত মেয়র আহাম্মেদ আলী।

গাংনী উপজেলা যুবলীগের সাধারণ সম্পাদক শফি কামাল পলাশ এর অনুষ্ঠান সঞ্চালনায় অনুষ্ঠানে বক্তব্য রাখেন জেলা আওয়ামী লীগের যুগ্ম সম্পাদক অ্যাডভোকেট ইব্রাহীম শাহিন, মেহেরপুর জর্জ কোটের পাবলিক প্রসিকিউটর পল্লব ভট্টাচার্য, জেলা আওয়ামী লীগের মহিলা বিষয়ক সম্পাদক নুরজাহান বেগম, গাংনী পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আনারুল ইসলাম বাবু, গাংনী উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন,

উপজেলা যুবলীগের সভাপতি মোশাররফ হোসেন, মেহেরপুর বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের সভাপতি অধ্যাপক আব্দুল মালেক, সাধারন সম্পাদক সাইদুর রহমান, সাবেক উপজেলা চেয়ারম্যান অ্যাড শফিকুল আলম, জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক সফররাজ হোসেন মৃদুল, জেলা কৃষক লীগের সাধারণ সম্পাদক ওয়াসিম সাজ্জাদ লিখন, জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম, সাহারবাটি ইউপি চেয়ারম্যান গোলাম ফারুক, রাইপুর ইউপি চেয়ারম্যান গোলাম সাকলায়েন সেপু, কাথুলী ইউপি চেয়ারম্যান মিজানুর রহমান রানাসহ আওয়ামী লীগ ও সহযোগী সংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে “ভোরের কাগজ” পত্রিকার ২৯তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন

মেহেরপুরে “ভোরের কাগজ” পত্রিকার ২৯তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়েছে। এ উপলক্ষে সোমবার ১১ টার দিকে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমীতে আলোচনা সভা ও কেক কাটার আয়োজন করা হয়।

“ভোরের কাগজ” পত্রিকার মেহেরপুর জেলা প্রতিনিধি মর্তুজা ফারুক

রুপক এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর পৌরসভার মেয়র মাহফুজুর রহমান রিটন।

“ভোরের কাগজ” পত্রিকার সাফল্য কামনা করে বক্তব্য দেন, জেলা পরিষদ সচিব শাহিদুল আলম, জেলা শিক্ষা অফিসার মাহফুজুল হোসেন, মেহেরপুর সরকারি কলেজের সহযোগী অধ্যাপক আব্দুল্লাহ আল আমিন ধুমকেতু, মেহেরপুর প্রেস ক্লাবের উপদেষ্টা সিনিয়র সাংবাদিক তুহিন আরন্য। পরে কেক কাটার আয়োজন করা হয়।

এসময় উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সভাপতি তোযাম্মেল আযম, সিনিয়র সাংবাদিক রফিকুল আলম, সদর উপজেলা শিক্ষা অফিসার আনোয়ার হোসেন, একাডেমিক সুপারভাইজার আনারুল ইসলাম, মেহেরপুর জেলা ছাত্রলীগের সাবেক সভাপতি আব্দুর রাজ্জাক, এনটিভি প্রতিনিধি রেজআনুল বাসার তাপস, ভোরের কাগজ এর মুজিবনগর প্রতিনিধি হাসান মোস্তাফিজুর, সাংবাদিক মাসুদ রানা, তৌহিদুদ্দোজা রেজাসহ মেহেরপুর বিভিন্ন প্রিন্ট এবং ইলেকট্রনিক্স মিডিয়ার সাংবাদিকবৃন্দ।

অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক ইত্তেফাক পত্রিকার জেলা প্রতিনিধি মাহাবুব চান্দু।

আলমডাঙ্গায় চতুর্থ বারের মতো মেয়র নির্বাচিত হাসান কাদির গনু

আলমডাঙ্গা পৌরসভা নির্বাচনে নৌকা প্রতিকে মেয়র প্রার্থী আলহাজ্ব হাসান কাদির গনু চতুর্থ বারের মতো মেয়র নির্বাচিত হয়েছেন। গতকাল ১৪ ফেরুয়ারী রবিবার অবাধ সুষ্ঠু ও শান্তিপূর্ণ পরিবেশে আলমডাঙ্গা পৌর সভার নির্বাচন অনুষ্ঠিত হয়েছে।

নৌকা প্রতিকের প্রার্থী হাসান কাদির গনু ৭ হাজার ৬ শত ৫২ ভোট পেয়ে বেসরকারি ভাবে পুনরায় মেয়র নির্বাচিত হয়েছেন। তার নিকটতম

কোটচাঁদপুরে এক রাতেই ৪ দোকানে চুরি

ঝিনাইদহের কোটচাঁদপুর পৌর শহরে এক রাতেই ৪ দোকানে চুরির ঘটনা ঘটেছে। চোর চক্র এ সময় ৪টি দোকান থেকে নগদ ২০ হাজার টাকা নিয়ে পালিয়ে যায়।

গতকাল রবিবার রাতে পৌর শহরের চৌগাছা বাসষ্ট্যান্ডের মুনিয়া ভ্যারাইটিস ষ্টোর, বিদ্যুৎ অফিস সংলগ্ন এলাকায় খন্দকার ষ্টোর ও টেলিকম , হাইস্কুল রোড এলাকায় সোনালী প্রেস ও মেইন বাসষ্টান্ড এলাকায় সনি আবাসিক মার্কেটের নিলিমা ইলেকট্রনিক্সে এই চুরির ঘটনা ঘটে।

ধারণা করা হচ্ছে রাতের কোন এক সময় সংঘবদ্ধ চোর চক্র দোকানের শাটার ও দেয়ালের ভেন্টিলেটার ভেঙ্গে চুরি করে পালিয়ে যায়। এদিকে কোটচাঁদপুর শহরে একের পর এক এ ধরনের ঘটনা ঘটলেও কোন প্রতিকার না হওয়ায় হতাশ ভুক্তভোগী ও সাধারণ মানুষ।

বিভিন্ন সময়ে চুরির ঘটনায় ধরা ছোয়ার বাহিরে চক্রের সদস্যরা. অভিযোগ করেও মিলছে না কোন প্রতিকার। ফলে আতঙ্ক দেখা দিয়েছে ব্যবসায়ী ও সাধারণ মানুষের মাঝে।

ভুক্তভোগী ব্যবসায়ীরা জানায়, প্রতিদিনের ন্যায় শনিবার দিনগত রাতে দোকান বন্ধ করে বাড়িতে যায়। রবিবার সকালে ব্যবসা প্রতিষ্ঠানে এসেই দেখতে পায় ক্যাশ বাক্স ভাঙা অবস্থায় পড়ে আছে। চোর চক্র একই রাতে শহরের মুনিয়া ভ্যারাইটিস ষ্টোর, খন্দকার ষ্টোর ও টেলিকম, সোনালী প্রেস এবং নিলিমা ইলেকট্রনিক্সে চুরি সংঘটিত করে নগদ ২০ হাজার টাকা নিয়ে পালিয়ে যায়।

স্থানীয়রা অভিযোগ করে বলেন, বিভিন্ন সময় সড়ক-বাসা-বাড়ি ও ব্যবসা প্রতিষ্ঠানে চুরি-ছিনতাই সংঘটিত হয়েছে। যার অধিকাংশ ঘটনা পৌর শহরের মধ্যে। এ সব ঘটনার কোন প্রতিকার না হওয়ায় এমন চুরি-ছিনতাই প্রায় ঘটছে।

বিষয়টি নিয়ে কথা হয় কোটচাঁদপুর পৌর ফাঁড়ী ইনচার্জ আক্তারুজ্জামান লিটনের সঙ্গে তিনি জানান, খবর পেয়ে পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেছে। চুরির ঘটনায় লিখিত অভিযোগ হয়েছে।

একের পর এক চুরির ঘটনার বিষয়ে তিনি বলেন, মনে হয় এরা পেশাদার চোর না। একটি কুচক্রি মহল আইন-শৃঙ্খলা অবনতি ও শহর উত্তপ্ত করার জন্য বিভিন্ন সময়ে এমন চুরির ঘটনা ঘটাচ্ছে।

পুলিশের পক্ষ থেকে শহরে নজরদারী ও টহল বাড়ানো হয়েছে। সেই সাথে চোর চক্রের সদস্যদের গ্রেফতারে পুলিশি অভিযান অব্যহত রয়েছে বলেও জানান এই পুলিশ কর্মকর্তা।

জীবননগরে নৌকার প্রার্থী মেয়র নির্বাচিত

চুয়াডাঙ্গার জীবননগর পৌরসভা নির্বাচনে মেয়র পদে আওয়ামী লীগ মনোনীত প্রার্থী বেসরকারি ভাবে নির্বাচিত হয়েছেন।

গতকাল রবিবার রাতে রির্টাণিং কর্মকর্তা এ তথ্য নিশ্চিত করেছেন। জীবননগরে নৌকার প্রার্থী রফিকুল ইসলাম রফিক মেয়র নির্বাচিত হয়েছেন।

জীবননগর পৌর নির্বাচনের রিটার্ণিং কর্মকর্তা ও জীবননগর উপজেলা নির্বাহী কর্মকর্তা এসএম মুনিম লিংকন জানান, নৌকার প্রার্থী রফিকুল ইসলাম রফিক ১৩ হাজার ৯১৭ ভোট পেয়ে বেসরকারিভাবে নির্বাচিত হয়েছেন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী ধানের শীষের প্রার্থী শাহাজাহান কবীর পেয়েছেন ৬ হাজার ১২৩ ভোট।

ঝিনাইদহের ট্রাফিক ইন্সপেক্টর

নিজেই ব্যবহার করেন বৈধ কাগজপত্র বিহীন গাড়ি

বিভিন্ন সড়ক-মহাসড়কে মোটরযানের রেজিস্ট্রেশন ও ফিটনেস সনদ যাচাই-বাছাইয়ের দায়িত্ব যে কর্মকর্তার নিজের ব্যক্তিগত গাড়িরই বৈধ কাগজপত্র নেই।

এ অভিযোগ ঝিনাইদহ ট্রাফিক বিভাগের প্রধান ট্রাফিক ইন্সপেক্টর মু. সালাহ উদ্দিনের বিরুদ্ধে। তিনি এমন নিয়ম বহির্ভূত কাজ করায় ক্ষোভ সৃষ্টি হয়েছে জনমনে।

জানা গেছে, সালাহ উদ্দিন বেশ কয়েকবছর ধরে মেরুন কালারের একটি প্রাইভেটকার ব্যক্তিগত কাজে ব্যবহার করছেন।

বিআরটিএ সনদে তার ব্যবহৃত গাড়িটির মালিকানা রয়েছে ইছাহক আলী খান পান্না নামে। ইছাহক আলীর ঠিকানা রয়েছে ঢাকার সোবহানবাগ সরকারি আবাসিক এলাকায়। গাড়িটির রেজিস্ট্রেশন নম্বর ঢাকা মেট্রো-গ-১৩-১৮২০।

গাড়িটির ট্যাক্স টোকেনের মেয়াদ শেষ হয়েছে ২০১১ সালের জুলাই মাসের ২৫ তারিখে আর ফিটনেস মেয়াদ শেষ হয়েছে ২০১২ সালের ফেব্রুয়ারি মাসের ১ তারিখে।

অথচ প্রকাশ্যে শহরে এমন একটি গাড়ি চালিয়ে বেড়াচ্ছেন জেলা ট্রাফিক পুলিশের একজন শীর্ষ কর্তা ব্যক্তি।

এদিকে গাড়িটির ব্যাপারে ঝিনাইদহ জেলার বিআরটিএ’র সহকারী পরিচালক ২০২০ সালের ২৭ ডিসেম্বর তথ্য অধিকার আইনে আবেদনের প্রেক্ষিতে অনলাইনে এ তথ্য প্রদান করেন।

কিন্তু বিস্তারিত তথ্যের জন্য বিআরটিএ ঢাকা অফিসে যোগাযোগ করার অনুরোধ করা হয়। মন্তব্যটি তিনি লেখেন ওই গাড়ির রেজিস্ট্রেশন পেপারে নিজের সাক্ষরের উপর।

কুষ্টিয়ায় নবাগত জেলা প্রশাসকের দায়িত্ব গ্রহণ

কুষ্টিয়ার নবাগত জেলা প্রশাসক মোহাম্মদ সাইদুল ইসলাম দায়িত্বভার গ্রহণ করেছেন।

গতকাল রবিবার সকালে তিনি বিদায়ী জেলা প্রশাসক মো: আসলাম হোসেনের কাছ থেকে দায়িত্ব বুঝে নেন।

নবাগত জেলা প্রশাসক মোহাম্মদ সাইদুল ইসলাম ২২তম বিসিএস ক্যাডার। তার বাড়ি গাজীপুর জেলায়।

তিনি এর আগে স্ট্রেনদেনিং পাবলিক ফিন্যান্সিয়াল ম্যানেজমেন্ট প্রোগ্রাম সার্ভিস ডেলিভারির প্রোগ্রাম এক্সিকিউটিভ অ্যান্ড কো-অর্ডিনেটর হিসেবে কর্মরত ছিলেন।

নবাগত জেলা প্রশাসক কুষ্টিয়াবাসীর সহযোগিতা কামনা করে তিনি বলেন, সাংস্কৃতিক রাজধানীখ্যাত এই কুষ্টিয়া জেলায় জেলা প্রশাসক হিসেবে দায়িত্ব পাওয়ায় বেশ ভালো লাগছে।

এছাড়াও বৈশ্বিক মহামারী করোনা মোকাবিলায় করোনা শিষ্টাচার মেনে চলার জন্য কুষ্টিয়াবাসীর প্রতি আহ্বান জানান।

গত ২৮ জানুয়ারি জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে এই নিয়োগ দিয়ে আদেশ জারি করা হয়। এদিকে বদলীকৃতডিসি মো.আসলাম হোসেনকে ডাক ও টেলিযোগাযোগ বিভাগের উপ-সচিব হিসেবে বদলি করা হয়েছে।

মেহেরপুর পৌরসভার উদ্যোগে ওয়াটার ট্রিটমেন্ট প্লান্টের

আরসিসি রাস্তার উদ্বোধন

মেহেরপুর পৌরসভার উদ্যোগে শহরের গরুর হাট এলাকায় ওয়াটার ট্রিটমেন্ট প্লান্টের আরসিসি রাস্তার উদ্বোধন করা হয়েছে।

রবিবার দুপুরে পৌর মেয়র মাহফুজ রহমান রিটন উপস্থিত থেকে এই রাস্তার উদ্বোধন করেন।

এসময় মেয়র বলেন, মেহেরপুর পৌরবাসীদের বিশুদ্ধ পানির প্রয়োজন মেটাতে এই ওয়াটার ট্রিটমেন্ট প্লান্টের কাজ করা হয়েছে। এখানে রাস্তাটি হলে পৌরসভার যেসকল নাগরিকরা এখানে সেবা নিতে আসবে তাদের যাতায়াতের সুবিধার্থে আজকের এই বিশেষ দিনে এই রাস্তাটি পৌরবাসীর জন্য একটি বিশেষ উপহার।

এ সময় উপস্থিত ছিলেন, প্যানেল মেয়র শাহিনুর রহমান, পৌরসভার প্রধান প্রকৌশলী হারুন অর রশিদ সহ পৌরসভার অন্যান্য কর্মকর্তাগণ। এসময় সেখানে মোনাজাত করা হয়।

বামন্দী ইউনিয়নের চেয়ারম্যান পদপ্রার্থী জিয়ার গণসংযোগ

বামন্দী ইউনিয়ন পরিষদ নির্বাচনে চেয়ারম্যান প্রার্থী হিসেবে জিয়ার গণসংযোগ অব্যাহত রয়েছে। প্রতিদিনই চলছে বিভিন্ন ওয়ার্ডের স্থানীয় নেতা-কর্মী ও সমর্থকদের সাথে মতবিনিময়।

করোনাকালীন থেকে সাধারণ মানুষের মাঝে করোনা প্রতিরোধে স্বাস্থ্যবিধি মেনে সচতেনতা সৃষ্টির পাশাপাশি নিজ উদ্যোগে বিতরণ করছেন মাস্ক। বিভিন্ন এলাকার কিশোরদের খেলার জন্য প্রদান করা হয়েছে ফুটবল।

নির্বাচনী মাঠে জিয়ার পদচারণায় মুখরিত থাকছে বামন্দী ইউনিয়নের প্রতিটি জনপদ। নির্বাচনী মাঠে একেবারে নতুন হিসেবে কয়েক মাসের মধ্যেই সামাজিক কর্মকান্ডে অংশ নিয়ে বিভিন্ন শ্রেণী পেশার

মানুষের জনপ্রিয়তায় ভাসছে সাবেক এই ছাত্রলীগ নেতা ও বর্তমান কৃষক লীগের আহবায়ক জিয়ারুল হক জিয়া।

সকলের চাওয়া তাকে তরুণ চেয়ারম্যান নির্বাচিত করা। ইতোমধ্যে জিয়াকে সমর্থন দিয়েছেন, ইউনিয়নটির আওয়ামী লীগ ও তার অঙ্গসংগঠনের স্ব স্ব ওয়ার্ডের সভাপতি ও সাধারণ সম্পাদক সহ সাধারণ মানুষ।

বামন্দী ইউনিয়ন যুব লীগের সহ-সভাপতি আরোজুল্লাহ বলেন, জিয়া আমাদের ছোটভাই। সে যদি নির্বাচনে আসে তাহলে আমরা স্বাগত জানাই, ইতিমধ্যে জিয়া বালিয়াঘাট ৪ নং ওয়ার্ডে গণ সংযোগ ও পথ সভা করে ব্যাপক জনপ্রিয়তা অর্জন করেছে।

বামন্দী ইউনিয়নের রামনগর ৫ নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি ও প্রবীন নেতা মোহাম্মদ আলী জানান, জিয়া আমাদের আওয়ামী লীগ পরিবারের সন্তান। আসন্ন নির্বাচনে ইউনিয়ন পরিষদে চেয়ারম্যান প্রার্থী হয়ে ভোট করতে চাই। আমার ওয়ার্ডে শুধু আমি না আওয়ামী লীগের প্রতিটি পরিবারের সর্বস্তরের মানুষ জিয়াকে গ্রহণ করেছে। জিয়ার মত সৎ যোগ্য ও শিক্ষিত মানুষ চেয়ারম্যান হয়ে আসলে সাধারণ মানুষ ভালো সেবা পাবে।

তরুন প্রার্থী জিয়া জানান, আমার বাবা বামন্দী ইউনিয়ন পরিষদের ১ নং নিশিপুর ওয়ার্ডের তিনবারের নির্বাচিত ইউপি সদস্য মুনতাজ আলী দীর্ঘদিন ধরে মানুষের কল্যাণে কাজ করেছেন। আমি ও আমার বাবার মত মানুষের সেবা করতে চাই। জনপ্রতিনিধি হলে তৃণমূল মানুষের সেবা আরো বেশি বৃদ্ধি করা যাবে। ইউনিয়নবাসী যদি তাদের সেবা করার জন্য আমাকে সুযোগ দেয় তাহলে আমি কৃতজ্ঞ থাকবো।

তিনি আরো বলেন, যেহেতু স্থানীয় নির্বাচন দলীয় প্রতীকে হবে সেক্ষেত্রে দল যদি আমাকে যোগ্য মনে করে মনোনয়ন প্রদান করে, তাহলে আমি নির্বাচন করবো। আর যদি মনোনয়ন না দেয় তাহলেও আমি নিজ উদ্যোগে যতটুকু পারি ইউনিয়ন বাসীর পাশে থেকে সাধারণ মানুষকে সহযোগীতার হাত বাড়িয়ে দেবো।

ঝিনাইদহে প্রতিপক্ষদের ফাঁসাতে অপহরণ নাটক ভুক্তভোগিদের সংবাদ সম্মেলন

ঝিনাইদহের শৈলকুপায় প্রতিপক্ষদের ফাঁসাতে অপহরণ নাটক করে নিরীহ গ্রামবাসীর উপর মামলা দেওয়ার অভিযোগ উঠেছে এক কথিত সাংবাদিকের বিরুদ্ধে।

এ ঘটনায় অপহরণটি সত্য নয় দাবি বলে সুষ্ঠু তদন্ত দাবি করে সংবাদ সম্মেলন করেছে অসহায় ভুক্তভোগির পরিবারগুলো।

গতকাল রবিবার দুপুরে ঝিনাইদহ প্রেসক্লাব মিলনায়তনে এ সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন, নাসির উদ্দিন মিয়া পলাশ নামের এক ভুক্তভোগির স্বজন।

তিনি অভিযোগ করে বলেন, শৈলকুপার কাঁচেরকোল এলাকার মনিরুজ্জামান মনির নিজেকে সাংবাদিক পরিচয় দিয়ে এলাকায় চাঁদাবাজি করে আসছে। বিপক্ষে সংবাদ প্রচারের ভয় দেখিয়ে ব্যবসায়ীদের কাছ থেকে টাকা দাবি করে। মনির কাঁচেরকোল গ্রামের কয়েকজন নিরীহ গ্রামবাসিদের ফাঁসাতে গত ৩ ফেব্রুয়ারি ধাওড়া গ্রামের পাশে নাটকীয় ভাবে পড়ে থাকেন। তাকে অপহরণ করা হয়েছে বলে নাটক জানান।

এ ঘটনাকে পুঁজি করে কাঁচেরকোল গ্রামের অসহায় দিনমজুর, কাঠমিস্ত্রী, মাইক্রো ড্রাইভার, জনপ্রতিনিধিসহ কয়েকজনের নামে অপহরণ মামলা করেছেন। মামলার পর থেকে দিন এনে দিন খাওয়া পরিবারগুলো চরম মানবেতর জীবনযাপন করছেন।

সংবাদ সম্মেলনে অভিযোগ করা হয়, মূলত ঘটনার আগের দিন রাতে মনির নিজে শৈলকুপার ধাওড়া গ্রামে যায়। ধাওড়া গ্রামে কর্মরত কিছু নির্মান শ্রমিক যাদের বাড়ী কাঁচেরকোল ইউনিয়নের বিভিন্ন গ্রামে তাদের কাছে রাত্রিযাপন করে। ভোরে ঘুম থেকে উঠে রাস্তার পাশে পড়ে থাকে। বিষয়টি ধাওড়া গ্রামের যার বাড়িতে ছিল সেখানে গেলে আরও বিস্তারিত জানা যাবে। এ জন্য পুলিশের সুষ্ঠু তদন্ত দাবি করেন তারা।

সংবাদ সম্মেলনের কাঁচেরকোল ইউনিয়নের চেয়ারম্যান অ্যাড.

সালাহউদ্দিন জোয়ার্দ্দার মামুনসহ গ্রামের শতাধিক নারী-পুরুষ অংশ নেয়।